23 MAR 1992

আজকের কাগজ

তারিখ 2 MAR 1992
পৃষ্ঠা 2 কলাম 4

জগন্নাথপুর উপজেলা

# সম্পদ আছে শিক্ষা নেই

চৌধুরী মুমতাজ আহমদ : সুনামগঞ্জের সবচেয়ে স্বচ্ছল উপজেলার নাম জগন্নাথপুর। কিন্তু শিক্ষার অভাব। কুসংস্কার আর গ্রাম্য দলাদলির চরম শিকারে এই উপজেলাটি এখন বিধ্বস্ত। এখানকার মানুষ মামলা সংক্রান্ত ব্যাপারে খুবই উৎসাহী। মামলা চালাতে গিয়ে অনেকে নিঃস্ব হচ্ছে। ভূমিহীনের সংখ্যা বাড়ছে দিন দিন। মিথ্যা মামলা, ওয়ারেন্ট এসব এখানকার নিত্যঘটনা। তুচ্ছ সংক্রান্ত সামান্য বিষয়ে এখানে জোড়া খুনের ঘটনা পর্যন্ত ঘটেছে। জগন্নাথপুরের বেশিরভাগ মানুষ থাকে বিদেশে। স্বাভাবিকভাবেই এখানে পয়সার আমদানি বেশি। ইউএনও, ওসি কিংবা দারোগা পর্যায়ের পুলিশ পর্যন্ত কেউ এখান থেকে বদলি হতে নারাজ।

জগন্নাথপুরে শিক্ষার হার একেবারেই নিম্নগামী। এখানকার বিভিন্ন গ্রামের প্রায় প্রতিটি অবস্থাপন্ন বাড়িতে রাখা হয়েছে গৃহশিক্ষক, যিনি অন্য জেলা থেকে আগত। বাড়ির প্রবাসীদের কাছে চিঠি লেখা থেকে শুরু করে সবধরনের লেখালেখির কাজ করতে হয় ঐ গৃহশিক্ষককে। যাদের বাড়িতে গৃহশিক্ষক নেই তারা অন্য বাড়িতে গিয়ে টাকার বিনিময়ে চিঠি লিখিয়ে-পড়িয়ে আনে।

যে সম্পদ জগন্নাথপুরে আছে তা দিয়ে গ্রামীণ সমবায় পদ্ধতির মাধ্যমে এখানে একটি আদর্শ উপজেলা গড়া যেতো। কিন্তু অশিক্ষা, দলাদলি ও গোঁড়ামির কবলে পড়ে তা হবার নয়।